

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৭৬

১/ বিবিধ

আরবী

صاحب الدين مأسور في قبره يشكو إلى الله الوحدة
ضعيف

أخرجه الطبراني في " الأوسط " (880 - بترقيمي) والرافقي في " حديثه " (30/1) والرويانى في " مسنده " (97/1) ونعيم بن عبد الملك الإستراباذى في " مجلس من الأمالي " (ق 160/1) والبغوي في " شرح السنة " (8/203) عن مبارك بن فضالة عن كثير أبي محمد عن البراء مرفوعا. وكذا أخرجه ابن عساكر في حديث عبد الخلاق الهروي " (ق 235/1) وقال الطبراني: " لا يروى عن البراء إلا بهذا الإسناد، تفرد به مبارك

قلت: وهو ضعيف لتدليس، وأشار المنذري إلى إعلاله به في " الترغيب " (3/37) ، وقال الهيثمي في " المجمع (4/129) : " وثقه عفان وابن حبان، وضعفه جماعة

قلت: وشيخه كثير أبو محمد، أورده البخاري في " التاريخ " (4/1/26/913) وابن أبي حاتم في " الجرح " (3/2/159) وابن حبان في " الثقات " (5/332) من رواية ابن فضالة فقط عنه، وعطف عليه في " التهذيب " حماد بن سلمة أيضا، فإن صح ذلك فهو مجهول الحال، وإلا فهو مجهول العين. والله أعلم

বাংলা

১৩৭৬। ঋণগ্রস্ত ব্যক্তি (কবরে) তার ঋণের কারণে (কাজিফিত স্থান লাভ করা থেকে) বঞ্চিত থাকবে। সে আল্লাহর নিকট একাকিত্বের অভিযোগ উত্থাপন করবে।

হাদীসটি দুর্বল।

হাদীসটিকে ত্বারানী “আলমুজামুল আওসাত” গ্রন্থে (৮৮০), রাফেকী “হাদীস” গ্রন্থে (১/৩০), রুবিয়ানী তার “মুসনাদ” গ্রন্থে (১/৯৭), নুয়াইম ইবনু আদিল মালেক ইসতিরাবায়ী “মাজলিসুম মিনাল আমলী” গ্রন্থে (কাফ ১/১৬০) ও বাগাবী “শারহুস সুন্নাহ” গ্রন্থে (৮/২০৮) মুবারাক ইবনু ফুযালাহ হতে, তিনি কাসীর আবু মুহাম্মাদ হতে, তিনি বারা (রাঃ) হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন। অনুরূপভাবে ইবনু আসাকির “হাদীসু আদিল খাল্লাক হারাবী” গ্রন্থে (কাফ ১/২৩৫) বর্ণনা করেছেন।

ত্বারানী বলেনঃ বারা (রাঃ) হতে একমাত্র এ সনদেই বর্ণনা করা হয়ে থাকে। মুবারাক এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি দুর্বল, তার তাদলীসের কারণে। মুনযেরীও “আততারগীব” গ্রন্থে এ সমস্যার দিকেই ইঙ্গিত করেছেন। হায়সামী “আলমাজমা” গ্রন্থে (৪/১২৯) বলেনঃ তাকে আফফান এবং ইবনু হিব্বান নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন আর একদল (মুহাদ্দিস) তাকে দুর্বল আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছিঃ তার শাইখ হচ্ছে কাসীর আবু মুহাম্মাদ। হাদীসটিকে ইমাম বুখারী “আত-তারীখ” গ্রন্থে (৪/১/২৬/৯১৩), ইবনু আবী হাতিম “আলজারহু” গ্রন্থে (৩/২/১৫৯) ও ইবনু হিব্বান “আসসিকাত” গ্রন্থে (৫/৩৩২) একমাত্র ইবনু ফুযালার বর্ণনায় তার থেকে বর্ণনা করেছেন। এটা যদি সঠিক হয় তাহলে তিনি মাজহুলুল হাল (তার অবস্থা অজ্ঞাত) অন্যথায় তিনি মাজহুলুল আইন (মূলগতভাবে আসলেই তিনি অপরিচিত)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72255>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন